ঢাকা থেকে কাশিয়ানী জংশন হয়ে খুলনা ও বেনাপোলে নতুন দুই জোড়া ট্রেন উদ্বোধন।

ঢাকা- ২৪ ডিসেম্বর, মঙ্গলবার

ঢাকা থেকে কাশিয়ানী জংশন হয়ে খুলনা ও বেনাপোল রুটে নতুন দুই জোড়া যাত্রীবাহী ট্রেন চলাচল উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (২৪ ডিসেম্বর) রেলপথ মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মাদ ফাওজুল কবির খান রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে খুলনা-ঢাকা-খুলনা বুটে 'জাহানাবাদ এক্সপ্রেস' এবং “বেনাপোল-ঢাকা-বেনাপোল রুটে 'রূপসী বাংলা' এক্সপ্রেস ট্রেন দুটির চলাচল উদ্বোধন করেন। সাপ্তাহিক একদিন (সোমবার) বিরতি রেখে ট্রেন দু'টি নিয়মিত উক্ত রুটে চলাচল করবে। নতুন চালুকৃত এ ট্রেন যোগে মাত্র পৌনে চার ঘন্টায় ঢাকা থেকে খুলনা/বেনাপোল পৌঁছানো যাবে।

উল্লেখ্য যে, পূর্বে ট্রেনযোগে ঢাকা থেকে টাঙ্গাইল-ঈশ্বরদী হয়ে খুলনা যেতে সময় লাগতো ৯ ঘন্টা ৩০ মিনিট এবং রাজবাড়ী হয়ে বেনাপোল যেতে ৭ ঘন্টা ৩৫ মিনিট অর্থাৎ নতুন চালুকৃত ট্রেনযোগে ঢাকা-খুলনা/বেনাপোল যাতায়াতে সময় সাশ্রয় হবে যথাক্রমে ৫ ঘন্টা ৩৫ মিনিট ও প্রায় ৪ ঘন্টা। ঢাকা-খুলনা ঢাকা রুটে একজন যাত্রীকে একক যাত্রায় ভাড়া দিতে হতো শোভন চেয়ারে ৬৩০ টাকা ও স্নিগ্ধা শ্রেণিতে ১২০৮ টাকা। বর্তমানে ঐ একই গন্তব্যে যেতে একজন যাত্রীকে ভাড়া দিতে হবে শোভন চেয়ারে ৪৪৫ টাকা ও স্নিগ্ধা শ্রেণিতে ৮৫১ টাকা অর্থাৎ শ্রেণিভেদে একই গন্তব্যে ভাড়া কমছে যথাক্রমে ১৮৫ ও ৩৫৭ টাকা। অন্যান্য ক্যাটাগরির আসনেও অনুরুপভাবে  খরচ সাশ্রয় হয়েছে।

সোমবার সকাল ০৬.০০ টায় খুলনা থেকে ছেড়ে আসা জাহানাবাদ এক্সপ্রেস (৮২৫) ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশনে স্বাগত জানানোর মধ্য দিয়ে রেলপথ মন্ত্রনালয়ের উপদেষ্টা জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান বর্ণিত দুই জোড়া ট্রেনের আনুষ্ঠানি চলাচল উদ্বোধন করেন।

উদ্বোধন অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন, রেলপথ মন্ত্রণালয়ের সচিব মোঃ ফাহিমুল ইসলাম, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক মোঃ আফজাল হোসেন এবং রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনকৃত ট্রেনের তথ্য নিম্নরূপ:

ট্রেনের নম্বর ও নাম: ৮২৫/৮২৬ নং জাহানাবাদ এক্সপ্রেস ও ৮২৭/৮২৮ নং রূপসী বাংলা এক্সপ্রেস।

সময়সূচী:

| ট্রেন নং | প্রারম্ভিক স্টেশন | যাত্রার সময় | গন্তব্য | পৌছানো সময় | ভায়া |
|---|---|---|---|---|---|
| জাহানাবাদ এক্সপ্রেস (৮২৫) | খুলনা | ০৬:০০ | ঢাকা | ০৯:৪৫ | |
| রূপসী বাংলা এক্সপ্রেস (৮২৮) | ঢাকা | ১০:৪৫ | বেনাপোল | ১৪:৩০ | কাশিয়ানী |
| রূপসী বাংলা এক্সপ্রেস (৮২৮) | বেনাপোল | ১৫:৩০ | ঢাকা | ১৯:১০ | জংশন |
| জাহানাবাদ এক্সপ্রেস (৮২৫) | ঢাকা | ২০:০০ | খুলনা | ২৩:৪০ | |

সাপ্তাহিক বন্ধের দিন: সোমবার

ট্রেনের রেক কম্পোজিশন, মার্শালিং ও আসন সংখ্যা নিম্নরূপ:

| খুলনা | | | | | | | | | | | | | ঢাকা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বর্ণনানুক্রম | - | ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ | জ | ঝ | ঞ | ট | |
| কোচ টাইপ | LV | WECDR | WJC | WJCC | WJCC | WEPC | WJCC | WJCC | WEC | WEC | WEC | WECDR | ১২/২৪ |
| আসন | - | ৫৪ | ৪৮ | ৮০ | ৮০ | ১৬ | ৮০ | ৮০ | ৯২ | ৯২ | ৯২ | ৫৪ | ৭৬৮ |

| ক্রম | ট্রেন নং ও নাম | যাত্রা বিরতি |
|---|---|---|
| ১। | ৮২৫/৮২৬ নং জাহানাবাদ এক্সপ্রেস | আপ-ডাউন উভয়পথে নোয়াপাড়া, সিঙ্গিয়া জংশন, নড়াইল, লোহাগড়া, কাশিয়ানী জংশন, ভাঙ্গা জংশন স্টেশন। |
| ২। | ৮২৭/৮২৮ নং রূপসী বাংলা এক্সপ্রেস | আপ-ডাউন উভয়পথে যশোর জংশন, নড়াইল, কাশিয়ানী জংশন, ভাঙ্গা জংশন স্টেশন। |

জাহানাবাদ এক্সপ্রেস ৮২৫/৮২৬ নং আন্ত:নগর ট্রেনের তালিকা (ভ্যাট ব্যতীত)

কার্যকর তারিখ: ২৪/১২/২০২৪

| স্টেশন | | দুরত্ব (কি:মি:) | শোভন চেয়ার শ্রেণীর ভাড়া(টাকা) | স্নিগ্ধা শ্রেণীর ভাড়া (টাকা) | এসি সিট শ্রেণীর ভাড়া (টাকা) | এসি বার্থ শ্রেণীর ভাড়া(টাকা) |
|---|---|---|---|---|---|---|
| হতে | পর্যন্ত | | | | | |
| খুলনা | নওয়াপাড়া | ২৯ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | সিঙ্গিয়া | ৪২ | ৫০ | ১০০ | ১১০ | ১৫০ |
| | নড়াইল | ৬৩ | ৭৫ | ১২৫ | ১৫০ | ২২৫ |
| | লোহাগড়া | ৭৯ | ৯৫ | ১৫৫ | ১৮৫ | ২৮০ |
| | কাশিয়ানী জংশন | ১২০ | ১৪৫ | ২৩৫ | ২৯০ | ৪২৫ |
| | ভাঙ্গা জংশন | ১৫৭ | ১৮৫ | ৩০৫ | ৩৭০ | ৫৫৫ |
| | ঢাকা | ৩৭৮ | ৪৪৫ | ৭৪০ | ৮৮৫ | ১৩৩০ |
| নওয়াপাড়া | সিঙ্গিয়া | ১৩ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | নড়াইল | ৩৪ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | লোহাগড়া | ৫০ | ৬০ | ১০০ | ১২০ | ১৮০ |
| | কাশিয়ানী | ৯১ | ১১০ | ১৮০ | ২১৫ | ৩২০ |
| | ভাঙ্গা জংশন | ১২৮ | ১৫০ | ২৫০ | ৩০০ | ৪৫০ |
| | ঢাকা | ৩৪৯ | ৪১০ | ৬৮৫ | ৮২০ | ১২৩০ |
| সিঙ্গিয়া | নড়াইল | ২১ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | লোহাগড়া | ৩৭ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | কাশিয়ানী | ৭৮ | ৯৫ | ১৫৫ | ১৮৫ | ২৭৫ |
| | ভাঙ্গা জংশন | ১১৫ | ১৩৫ | ২২৫ | ২৭০ | ৪০৫ |
| | ঢাকা | ৩৩৬ | ৩৯৫ | ৬৬০ | ৭৯০ | ১১৮০ |
| নড়াইল | লোহাগড়া | ১৬ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | কাশিয়ানী | ৫৭ | ৭০ | ১১৫ | ১৩৫ | ২০৫ |
| | ভাঙ্গা জংশন | ৯৪ | ১১০ | ১৮৫ | ২২০ | ৩৩০ |
| | ঢাকা | ৩১৫ | ৩৭০ | ৬১৫ | ৭৪০ | ১১১০ |
| লোহাগড়া | কাশিয়ানী | ৪১ | ৫০ | ১০০ | ১১০ | ১৪৫ |
| | ভাঙ্গা জংশন | ৭৮ | ৯৫ | ১৫৫ | ১৮৫ | ২৭৫ |
| | ঢাকা | ২৯৯ | ৩৫০ | ৫৮৫ | ৭০০ | ১০৫০ |
| কাশিয়ানী জংশন | ভাঙ্গা জংশন | ৩৭ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | ঢাকা | ২৫৮ | ৩০৫ | ৫০৫ | ৬০৫ | ৯১০ |
| ভাঙ্গা জনশন | ঢাকা | ২২১ | ২৬০ | ৪৩৫ | ৫২০ | ৭৮০ |
| | | | | | | |

রূপসী বাংলা এক্সপ্রেস ৮২৭/৮২৮ ট্রেনের ভাড়ার তালিকা
কার্যকর তারিখ: ২৪/১২/২০২৪

| স্টেশন | | দুরত্ব (কি:মি:) | শোভন চেয়ার | স্নিগ্ধা (ভ্যাট ব্যতীত) | এসি সিট (ভ্যাট ব্যতীত) | এসি বার্থ (ভ্যাট ব্যতীত) |
|---|---|---|---|---|---|---|
| হতে | পর্যন্ত | | | | | |
| বেনাপোল | যশোহর | ৩৬ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | নড়াইল | ৭০ | ৮৫ | ১৪০ | ১৬৫ | ২৫০ |
| | লোহাগড়া | ৮৬ | ১০০ | ১৭০ | ২০০ | ৩০০ |
| | কাশিয়ানী | ১২৭ | ১৫০ | ২৫০ | ৩০০ | ৪৫০ |
| | ভাঙ্গা জংশন | ১৬৪ | ১৯৫ | ৩২০ | ৩৮৫ | ৫৮০ |
| | ঢাকা | ৩৮৫ | ৪৫৫ | ৭৫৫ | ৯০৫ | ১৩৫৫ |
| যশোহর | নড়াইল | ৩৫ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | লোহাগড়া | ৫১ | ৬০ | ১০০ | ১২০ | ১৮০ |
| | কাশিয়ানী | ৯২ | ১১০ | ১৮০ | ২২০ | ৩২৫ |
| | ভাঙ্গা জংশন | ১২৯ | ১৫৫ | ২৫৫ | ৩০৫ | ৪৫৫ |
| | ঢাকা | ৩৫০ | ৪১০ | ৬৮৫ | ৮২০ | ১২৩০ |
| নড়াইল | লোহাগড়া | ১৬ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | কাশিয়ানী | ৫৭ | ৭০ | ১১৫ | ১৩৫ | ২০৫ |
| | ভাঙ্গা জংশন | ৯৪ | ১১০ | ১৮৫ | ২২০ | ৩৩০ |
| | ঢাকা | ৩১৫ | ৩৭০ | ৬১৫ | ৭৪০ | ১১১০ |
| লহাগড়া | কাশিয়ানী | ৪১ | ৫০ | ১০০ | ১১০ | ১৪৫ |
| | ভাঙ্গা জংশন | ৭৮ | ৯৫ | ১৫৫ | ১৮৫ | ২৭৫ |
| | ঢাকা | ২৯৯ | ৩৫০ | ৫৮৫ | ৭০০ | ১০৫০ |
| কাশিয়ানী জংশন | ভাঙ্গা জংশন | ৩৭ | ৫০ | ১০০ | ১১০ | ১৩০ |
| | ঢাকা | ২৫৮ | ৩০৫ | ৫০৫ | ৬০৫ | ৯১০ |
| ভাঙ্গা জনশন | ঢাকা | ২২১ | ২৬০ | ৪৩৫ | ৫২০ | ৭৮০ |
| | | | | | | |

রেজাউল করিম সিদ্দিকী
জনসংযোগ কর্মকর্তা
রেলপথ মন্ত্রণালয়
ফোন: ০১৭৩৫৯০৬৭৯৫